

স্মারক নং-৩১.৪৩.৭১৬.০০০.৩৫.০৩১.২৬-৪৫৯

তারিখঃ ১৭ চৈত্র ১৪২৬ বাং  
৩১ মার্চ, ২০২৬ খ্রিঃ

“ভিপি পুকুর প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেড়া উপজেলাধীন নিম্নতফসিল বর্ণিত ভিপি তালিকাভুক্ত বিমলা পুকুর ভিপি কেস নং ৩৭ (বেড়া)/৬৬-৬৭, মৌজা-হাটুরিয়া এবং ভবানীপুর পুকুর ভিপি ১৩ (বেড়া)/৮৪-৮৫, মৌজা-ভবানীপুর পুকুর ২টি বাংলা ১৪৩৩ সন হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। উক্ত নিলাম ডাক আগামী ০৫/০৪/২০২৬ খ্রিস্টাব্দে বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা মহোদয়ের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানকে উল্লিখিত তারিখ এবং সময়ে নির্ধারিত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য আহ্বান করা যাচ্ছে।

১ নং পুকুরের তফসিল: ভিপি কেস নং- ১৩(বেড়া)/৮৪-৮৫

খং নং	দাগ নং	জমির পরিমাণ	শ্রেণি
৭১/০৫	১৭/২১	০.৮৯ একর	পুকুর (ভিপি)

২ নং পুকুরের তফসিল: ভিপি কেস নং- ৩৭(বেড়া)/৬৬-৬৭

খং নং	দাগ নং	জমির পরিমাণ	শ্রেণি
১১১৩/২৫৫৫	২৬৯২/৪১৫০	০.৫৭ একর	পুকুর (ভিপি)

ডাকের শর্তাবলী :

- ০১। প্রকাশ্যে ডাকে অংশগ্রহণকারীকে জামানত হিসেবে অগ্রিম ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা রাখতে হবে (ফেরত যোগ্য)।
- ০২। ডাক গ্রহণের ০৭ (সাত) দিনের মধ্যে ডাকের সাকুল্য টাকা এবং ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ জমা দিতে হবে।
- ০৩। ইজারা গ্রহীতা কোন ক্রমেই ইজারা প্রাপ্ত পুকুর অন্য কোন কারো নিকট সাব লীজ দিতে পারবেন না, কর্তৃপক্ষের বিনা অনুমতিতে পুকুরের স্বাভাবিক অবস্থার পরিবর্তন করতে পারবেন না এবং মৎস্য শিকারের জন্য কোন প্রকার রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করতে পারবেন না, অন্যথায় প্রাপ্ত ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ডাকের সাকুল্য সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ০৪। ইজারা গ্রহীতা মৎস্য চাষ ব্যতীত অন্য কোন কাজে পুকুরটি ব্যবহার করতে পারবেন না এবং এর কোন অংশের উপর ইজারা গ্রহীতার কোন স্বত্বের সৃষ্টি হবে না।
- ০৫। কর্তৃপক্ষ সব সময় সর্বোচ্চ ডাক গ্রহণ করতে এবং কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় যে কোন ডাক বাতিল করার ক্ষমতা এবং আংশিক পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/=  
(নুরেন মায়িশা খান)  
সহকারী কমিশনার (ভূমি)  
বেড়া, পাবনা।

স্মারক নং-৩১.৪৩.৭১৬.০০০.৩৫.০৩১.২৬ ৪৫৯ (০১)

তারিখঃ ৩১ মার্চ, ২০২৬ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। জেলা প্রশাসক, পাবনা।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৩। উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা।

০৪। উপজেলা.....কর্মকর্তা, বেড়া, পাবনা।

০৫। চেয়ারম্যান..... (সকল) ইউনিয়ন পরিষদ, বেড়া, পাবনা (ব্যাপক প্রচারের অনুরোধ সহ)।

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, হাটুরিয়া-নাকালিয়া/রূপপুর ইউনিয়ন ভূমি অফিস, বেড়া, পাবনা তাকে অত্র বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য নির্দেশ দেয়া হলো।

০৮। ওয়েব পোর্টাল (বিস্তারিত- www.acl.bera.pabna.gov.bd)

০৯। নোটিশ বোর্ড/ অফিস কপি।

৩১/০৩/২০২৬

(নুরেন মায়িশা খান)  
সহকারী কমিশনার (ভূমি)  
বেড়া, পাবনা।

মোবাইল নং-০১৩৩২ ৮৫৩৪২৬

ই-মেইল: aclandbera@gmail.com